



পল্লী সঞ্চয় ব্যাংক

(সমৃদ্ধি অর্জনের ব্যাংক)

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল ৭, ৮-১০)

৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০

www.pallisanchaybank.gov.bd

শাখা তত্তাবধান ও পরিদর্শন বিভাগ

নং- পসব্য/প্রকা/পরি/শাতপ/১০/২০২৫-২৬/ ৭৪

তারিখঃ ১৫-০৯-২০২৫ খ্রিঃ

**বিষয় - রংপুর বিভাগের ২০২৪-২৫ অর্থবছরের পারফরম্যান্স মূল্যায়ন, ২০২৫-২৬ অর্থবছরের ব্যবসায়িক কর্মপরিকল্পনা গ্রহণ
বিষয়ক ব্যবস্থাপক সম্মেলন-২০২৫ এবং ২০২৩-২৪ অর্থবছরের পারফরম্যান্স ভিত্তিক উৎসাহমূলক পুরস্কার প্রদান।**

পল্লী সঞ্চয় ব্যাংক রংপুর বিভাগের আওতাধীন শাখাসমূহের ২০২৪-২৫ অর্থবছরের সার্বিক পারফরম্যান্স মূল্যায়ন এবং ২০২৫-২৬ অর্থবছরের ব্যবসায়িক কর্মপরিকল্পনা গ্রহণের লক্ষ্যে সকল শাখা ব্যবস্থাপকের অংশগ্রহণে আগামী ২০/০৯/২০২৫ খ্রিঃ তারিখ রোজ শনিবার রায়ান'স হোটেল এন্ড রেস্টুরেন্ট, রংপুরে “ব্যবস্থাপক সম্মেলন ২০২৫” (সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত) এবং ২০২৩-২৪ অর্থবছরের পারফরম্যান্স মূল্যায়নের ভিত্তিতে মাঠপর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের উৎসাহমূলক পুরস্কার প্রদান অনুষ্ঠান (বিকাল ৩.০০ ঘটিকা হতে বিকাল ৬.০০ ঘটিকা পর্যন্ত) অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় সংশ্লিষ্ট বিভাগের মনিটরিং কর্মকর্তা, জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ, রংপুর বিভাগের সকল শাখা ব্যবস্থাপক এবং ২০২৩-২৪ অর্থবছরের পারফরম্যান্স মূল্যায়নের ভিত্তিতে মাঠপর্যায়ের পুরস্কারপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণ অংশগ্রহণ করবেন। সভায় প্রধান অতিথি হিসেবে পল্লী সঞ্চয় ব্যাংক পরিচালনা বোর্ডের মাননীয় পরিচালক জনাব নুরে আলম তালুকদার এবং বিশেষ অতিথি হিসেবে মহাব্যবস্থাপক জনাব মো: আলা উদ্দিন উপস্থিত থাকবেন। এছাড়া সম্মানীয় অতিথি হিসেবে বোর্ড সচিব জনাব মুহাম্মদ আলী, সিনিয়র প্রিন্সিপাল অফিসার, উক্ত সভায় উপস্থিত থাকবেন। সংশ্লিষ্ট সকলকে নির্ধারিত সময় অনুযায়ী ব্যবসায়িক পর্যালোচনা সভা এবং পুরস্কার প্রদান অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে,

(মোঃ আলা উদ্দিন)

মহাব্যবস্থাপক

সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীবৃন্দ

নং- পসব্য/প্রকা/পরি/শাতপ/১০/২০২৫-২৬/ ৭৪

তারিখঃ ১৫-০৯-২০২৫ খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। জেলা প্রশাসক, রংপুর।
- ২। পুলিশ সুপার, রংপুর।
- ৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, রংপুর সদর, রংপুর।
- ৪। পিএস টু চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫। স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬। স্টাফ অফিসার টু উপ-ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৭। স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৮। সকল বিভাগীয় প্রধান, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। (বিভাগীয় প্রধান, আইসিটি অপারেশনস, পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল)।
- ৯। বোর্ড সচিব, বোর্ড সচিবালয়, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ১০। পুরস্কারের ক্রেস্ট এবং সনদসমূহ অনুষ্ঠানে পৌঁছে দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সাধারণ সেবা ও কল্যাণ বিভাগের প্রধানকে অনুরোধ করা হলো।
- ১১। জনসংযোগ কর্মকর্তা জনাব এস. এম. সাইফুল ইসলাম কে সভাস্থলে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।
- ১২। রংপুর জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অনুষ্ঠান আয়োজন ও উপস্থিত সকলকে আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। (প্রাক্কলিত ব্যয় হিসেবে সর্বোচ্চ ২,০০,০০০/- টাকা জিএল কোড ৩০৮০২০০১ থেকে উত্তোলনের অনুমোদন প্রদান করা হল এবং প্রকৃত ব্যয় সাপেক্ষে পরবর্তী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে বিল ভাউচার সমূহ সমন্বয় করে অনুমোদনের জন্য বাজেট ও হিসাব বিভাগ, প্রধান কার্যালয়ে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হল।)
- ১৩। অফিস নথি।

(কাজী ইমরুল কায়স)
সিনিয়র প্রিন্সিপাল অফিসার